ফাতওয়া নাম্বার: ১৬৯ প্রকাশকালঃ২৪-০৪-২০২১ ইং

আল-হাইআতুল উলইয়া'র অধীনে অনুষ্ঠিতব্য কেন্দ্রীয় পরীক্ষায় অংশগ্রহণের হুকুম কী?

প্রশ্নঃ

আমি একটি কওমি মাদ্রাসায় অধ্যয়নরত। এবছর দাওরায়ে হাদিস শেষ করবো ইনশাআল্লাহ। কিন্তু বর্তমানে দেখতে পাচ্ছি, আল-হাইআতুল উলইয়া বোর্ডটি পুরোপুরি তাগুতি সরকারের নিয়ন্ত্রণে চলে গেছে। এখন আমার জানার বিষয় হল, এ পরিস্থিতিতে এ বোর্ডের অধীনে অনুষ্ঠিতব্য কেন্দ্রীয় পরীক্ষায় অংশগ্রহণ করা কি জায়েয হবে? অথচ পরীক্ষা না দিলে আমার তেমন কোনো সমস্যাও নেই। জানিয়ে বাধিত করবেন।

প্রশ্নকারী- উমামা

উত্তর:

بسم الله الرحمن الرحيم

الحمد لله والصلاة والسلام على رسول الله، أما بعد:

সরকার যদিও রাজনৈতিক স্বার্থে 'আল-হাইআতুল উলইয়া'র অধীনে কওমি মাদ্রাসাসমূহের দাওরায়ে হাদিসের সনদকে (ইসলামিক স্টাডিজ ও আরবিতে) মাস্টার্স সমমানের স্বীকৃতি দিয়েছে এবং হাইআহ'র ওপর বিভিন্নভাবে প্রভাব খাটানোর দুরভিসন্ধিও করে যাচ্ছে, কিন্তু এখনি তা সরকারের পূর্ণ নিয়ন্ত্রণে চলে গেছে বলা যায় না। বরং এখনো তা কওমি ওলামায়ে কেরামের নিয়ন্ত্রণেই আছে এবং পরীক্ষাও তাদের নিয়ন্ত্রণেই হচ্ছে। আমাদের জানামতে পরীক্ষা দিতে গেলে কোনো হারাম কাজেও লিপ্ত হতে হচ্ছে না। সুতরাং এঅবস্থায় আল-হাইয়াতুল উলইয়ার পরীক্ষায় অংশ গ্রহণ করতে সমস্যা নেই।

তাছাড়া তাগুত সরকার নিয়ন্ত্রিত কোনো প্রতিষ্ঠানে পরীক্ষা দেয়া মানেই সরকার ও তার শাসনের স্বীকৃতি বা নুসরত নয়। একারণে সরকারের যেসব বিভাগে শরীয়ত বিরোধী কাজে লিপ্ত হতে হয় না, সেগুলোতে চাকরি করাও ওলামায়ে কেরাম জায়েয বলেছেন। -দেখুন, মিম্বারুত তাওহীদের ফতোয়া নং: ৫৪৪৩, ৫৫২৮, ৫৮০৭, ২১২০

فقط، والله أعلم بالصواب

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)

০৮-০৯-১৪৪২ হি.

.২১-০৪-২০২১ ঈ